



জাতীয় সংসদে স্পিকারের সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সৌজন্য বৈঠক



জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর বিন আবিয়াহ। ছবি: বাসস

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর বিন আবিয়াহ।

সোমবার (৪ মে) সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাতে বাংলাদেশ ও সৌদি আরবের দীর্ঘদিনের ঘনিষ্ঠ ও ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক নিয়ে আলোচনা হয়। স্পিকার বলেন, ধর্মীয় বন্ধনের কারণে দুই দেশের সম্পর্ক আরও শক্তিশালী হয়েছে। প্রতি বছর বিপুল সংখ্যক বাংলাদেশি হজ পালন করতে সৌদি আরবে যান, যা জনগণের মধ্যে আস্থা ও পারস্পরিক শ্রদ্ধা বাড়িয়ে তুলছে।

তিনি আরও উল্লেখ করেন, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা আরও সুসংহত হয়েছে। বৈঠকে উভয়পক্ষ সংসদীয় সম্পর্ক জোরদার, আন্তঃসংসদীয় মৈত্রী গ্রহণ সক্রিয়করণ এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে মতবিনিময় করেন।

এ সময় মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতি এবং আঞ্চলিক বিভিন্ন সংকট নিয়েও আলোচনা হয়। স্পিকার রোহিঙ্গা সংকট সমাধানে ওআইসি'র আরও কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানান। সাক্ষাতে সৌদি দূতাবাসের প্রতিনিধিদল এবং জাতীয় সংসদ সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।